

মন্ত্রিপরিষদ বিভাগের সেপ্টেম্বর ২০১৭ মাসের কার্যাবলি সম্পর্কিত প্রতিবেদন

মন্ত্রণালয়/বিভাগের নাম: মন্ত্রিপরিষদ বিভাগ

প্রতিবেদনাধীন মাসের নাম: সেপ্টেম্বর ২০১৭

প্রতিবেদন প্রস্তুতের তারিখ: ২২ অক্টোবর ২০১৭

(১) প্রশাসনিক :

ক. ১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

সংস্থার স্তর	অনুমোদিত পদ	পূরণকৃত পদ	শূন্যপদ
মন্ত্রণালয়/বিভাগ: মন্ত্রিপরিষদ বিভাগ	৩২০	২২৩	৯৭
অধিদপ্তর/সংস্থা/সংযুক্ত অফিস: দুর্নীতি দমন কমিশন	১,২৭৪	৮৮০	২৫১
মোট	১,৫৯৪	১,১০৩	৩৪৮

ক. ২ শূন্যপদের বিন্যাস

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	অতিরিক্ত সচিব/ তদুর্ধ্ব পদ	জেলা কর্মকর্তার পদ (যেমন ডিসি, এসপি)	অন্যান্য ১ম শ্রেণির পদ	২য় শ্রেণির পদ	৩য় শ্রেণির পদ	৪র্থ শ্রেণির পদ	মোট
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	০৯	২৯	২৯	৩০	৯৭
দুর্নীতি দমন কমিশন	-	-	৫৫	৩৭	১৫৬	০৩	২৫১*

* সুপারনিউমারারি পদ ব্যতীত।

ক. ৩ অতীব গুরুত্বপূর্ণ (strategic) পদ শূন্য থাকলে তার তালিকা

ক্রমিক	মন্ত্রণালয়/বিভাগ	গুরুত্বপূর্ণ শূন্যপদের নাম	গুরুত্বপূর্ণ শূন্যপদের সংখ্যা	মোট গুরুত্বপূর্ণ শূন্যপদের সংখ্যা
১।	মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	-
২।	দুর্নীতি দমন কমিশন	-	-	-

ক. ৪ নিয়োগ/পদোন্নতি প্রদান

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	প্রতিবেদনাধীন মাসে পদোন্নতি			নতুন নিয়োগ প্রদান			মন্তব্য
	কর্মকর্তা	কর্মচারী	মোট	কর্মকর্তা	কর্মচারী	মোট	
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	-	-	০৯	০৯	-
দুর্নীতি দমন কমিশন	-	-	-	-	-	-	-

ক.৫ শূন্যপদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই ।

খ. ১ ভ্রমণ/পরিদর্শন (দেশে-বিদেশে)

	মন্ত্রী		প্রতিমন্ত্রী/উপমন্ত্রী		মন্ত্রিপরিষদ সচিব		মন্তব্য
	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	
ভ্রমণ/পরিদর্শন (দিন)	-	-	-	-	০৮-০৯ সেপ্টেম্বর ২০১৭ তারিখ কক্সবাজার জেলা, ১২ সেপ্টেম্বর ২০১৭ তারিখ মাননীয় প্রধানমন্ত্রীর সফরসঙ্গী হিসেবে কক্সবাজার জেলা, ২১-২৩ সেপ্টেম্বর ২০১৭ তারিখ সাতক্ষীরা জেলা এবং ২৮-৩০ সেপ্টেম্বর ২০১৭ তারিখ ময়মনসিংহ ও টাঙ্গাইল জেলা সফর করেন। মোট ০৯ দিন।	-	-
উন্নয়ন প্রকল্প পরিদর্শন (দিন)	-	-	-	-	-	-	-
পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ (দিন)	-	-	-	-	-	-	-

খ.২ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা: প্রযোজ্য নয়।

(২) আইন-শৃঙ্খলা বিষয়ক (স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জন্য): প্রযোজ্য নয় |

(৩) অর্থনৈতিক (কেবল অর্থ বিভাগের জন্য): প্রযোজ্য নয় |

(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত:

ক. উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত প্রকল্পের নাম:

প্রকল্পের নাম	বর্তমান অর্থ-বছরে এডিপিতে বরাদ্দ (কোটি টাকায়)	প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ(কোটি টাকায়) ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার	প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তালিকা	প্রতিবেদনাধীন মাসে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার তারিখ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬
Building Capacity for the Use of Research Evidence (BCURE)	ডিপিএ: ৩.৩৮ জিওবি: ০.০২	১.৭০ (৫০.৩০ শতাংশ)	-	-	-
Social Security Policy Support (SSPS) Programme	ডিপিএ: ১০.৭৯ জিওবি: ০.৩৩	১.৪৩ (১৩.২৫ শতাংশ)	-	-	-
Technical Support for CRVS System Improvement in Bangladesh	ডিপিএ: ১.৮০	০.১৬৪ (৯.১২ শতাংশ)	-	-	-

খ. প্রকল্পের অবস্থা সংক্রান্ত :

প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসাবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো	আগামী দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা
-	-	-	-

(৫) উৎপাদন বিষয়ক (সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে পূরণ করতে হবে): প্রযোজ্য নয়।

(৬) প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান: প্রযোজ্য নয়।

(৭) অডিট আপত্তি

ক. অডিট আপত্তি সংক্রান্ত তথ্য

মন্ত্রণালয়/সংস্থার নাম	অডিট আপত্তির সংখ্যা	টাকার পরিমাণ (লক্ষ টাকায়)	ব্রডশিটে জবাবের সংখ্যা	নিষ্পত্তির সংখ্যা	জের	মন্তব্য
মন্ত্রিপরিষদ বিভাগ	৭টি	০.২৩	-	-	৭টি	মন্ত্রিপরিষদ বিভাগে বর্তমানে কোন অডিট আপত্তি নেই। তবে ০৭টি অডিট আপত্তি সংক্রান্ত একটি মামলা রয়েছে (মামলা নম্বর ৭/২০০০), যা ঢাকার চতুর্থ সহকারী জজ আদালতে বিচারাধীন।
বিলুপ্ত বিভাগীয় উন্নয়ন বোর্ড ও বিলুপ্ত উপকূলীয় দ্বীপাঞ্চল উন্নয়ন বোর্ড	১৪টি	২৩৯.০৭	-	-	১৪টি	অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত আর্থিক ক্ষমতা অর্পণ , ২০১৫ অনুযায়ী আপত্তিসমূহ নিষ্পত্তির জন্য সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনারের কার্যালয়ে প্রেরণ করা হয়।
দুর্নীতি দমন কমিশন	০৪টি	৭০০.০০	০৪	-	০৪টি	-
মোট	২৫টি	৯৩৯.৩০	০৪	১	২৫টি	-

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সে-সব কেইসের তালিকা: নেই।

(৮) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ ও অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা)

মন্ত্রণালয়/অধিদপ্তর/ সংস্থাসমূহে পুঞ্জীভূত মোট বিভাগীয় মামলা (প্রতিবেদনাধীন মাসের ১ তারিখে)	প্রতিবেদনাধীন মাসে শুরু হওয়া মামলার সংখ্যা	প্রতিবেদনাধীন মাসে মামলা নিষ্পত্তির সংখ্যা			অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা	বর্তমান অর্থ-বছরে মোট নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা
		চাকরিচ্যুতি/বরখাস্ত	অন্যান্য দণ্ড	অব্যাহতি		
১	২	৩	৪	৫	৬	৭
*মন্ত্রিপরিষদ বিভাগ-০৩	-	-	০১	-	০২	০১
দুর্নীতি দমন কমিশন-১৯	-	-	-	-	১৯	-
মোট ২২	০	০	০১	০	২১	০১

* প্রশাসনিক ট্রাইব্যুনাল/প্রশাসনিক আপিলেট ট্রাইব্যুনালে চলমান মামলার সকল নথি এ বিভাগের আইন-১ শাখায় স্থানান্তর করা হয়েছে।

(৯) মানবসম্পদ উন্নয়ন

ক. প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রশিক্ষণ কর্মসূচি:

মন্ত্রণালয়/সংস্থা	ক্রমিক	প্রশিক্ষণ কর্মসূচির নাম	প্রশিক্ষণের মেয়াদ	উদ্যোগী সংস্থা/ এজেন্সির নাম	অংশগ্রহণকারীর সংখ্যা
১	২	৩	৪	৫	৬
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	-	-	-
দুর্নীতি দমন কমিশন	-	-	-	-	-

খ. মন্ত্রণালয়/অধিদপ্তরে কোন ইন্-হাউস প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার

গ. প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

ঘ. মন্ত্রণালয়ে অন্-দ্য-জব ট্রেনিং (OJT)-এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অন্-দ্য-জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি না: হ্যাঁ আছে; কোন অসুবিধা নেই।

ঙ. প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা: দুইজন।

(১০) উল্লেখযোগ্য কার্যাবলি/সমস্যা-সংকট

ক. প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণীত হয়ে থাকলে তার তালিকা: নেই।

খ. প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি

(১) মন্ত্রিসভার একটি, মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সম্পর্কিত আন্তঃমন্ত্রণালয় সভা ছয়টি, সরকারি ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির চারটি এবং অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির চারটি সভা অনুষ্ঠিত হয়।

(২) মন্ত্রিসভা-বৈঠক ১০টি সিদ্ধান্ত গৃহীত হয়েছে এবং এর মধ্যে ০৮টি সিদ্ধান্ত বাস্তবায়িত হয়। অবশিষ্ট ০২টি সিদ্ধান্ত বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে বাস্তবায়নাধীন রয়েছে।

(৩) বিদেশি মান্যবর রাষ্ট্রদূত/হাই কমিশনার কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে সচিবগণের যোগদানের অনুমতি সংক্রান্ত ১২টি পত্র জারি করা হয়।

- (৪) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতিসংঘ সাধারণ পরিষদের ৭২তম অধিবেশনে যোগদানের লক্ষ্যে ১৬ সেপ্টেম্বর ২০১৭ তারিখে সরকারি সফরে নিউ ইয়র্ক, যুক্তরাষ্ট্রের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করেন। মাননীয় প্রধানমন্ত্রীর প্রস্থানকালে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে রাষ্ট্রাচারের দায়িত্ব পালন করা হয়।
- (৫) কণ্ঠশিল্পী ও বীর মুক্তিযোদ্ধা জনাব মোহাম্মদ আবদুল জব্বার ৩০ আগস্ট ২০১৭ তারিখে ৭৯ বছর বয়সে ইন্তেকাল করেন (ইনালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। আবদুল জব্বারের মৃত্যুতে গভীর শোক প্রকাশ ও তাঁর রুহের মাগফেরাত কামনা করে এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি আন্তরিক সমবেদনা জানিয়ে মন্ত্রিসভার ১১ সেপ্টেম্বর ২০১৭ তারিখের বৈঠকে গৃহীত শোক প্রস্তাব ১৪ সেপ্টেম্বর ২০১৭ তারিখের প্রজ্ঞাপনের মাধ্যমে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।
- (৬) শরীয়তপুর-এর নড়িয়া উপজেলার ওয়াপদাঘাট এলাকায় লঞ্চ ডুবি বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত পত্র সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়।
- (৭) মালয়েশিয়া সরকার থেকে প্রাপ্ত ত্রাণসামগ্রী চট্টগ্রামের শাহ আমানত বিমানবন্দর হতে দূত ছাড় প্রদান বিষয়ে চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা এবং সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (৮) মিয়ানমার থেকে আগত রোহিঙ্গাদের মানবিক সহায়তা প্রদান সংক্রান্ত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ হতে ফোকাল পয়েন্ট কর্মকর্তা/বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা মনোনয়ন করে প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (৯) মেহেরপুর জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে কর্মরত সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট জনাব মোঃ ছানাউল্লাহ-এর বিরুদ্ধে দাখিলকৃত স্মারকলিপি বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত পত্র সচিব, আইন ও বিচার বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (১০) গোপালগঞ্জ জেলার স্পর্শকাতর, চাঞ্চল্যকর ঘটনার প্রতিবেদন বিষয়ে ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত পত্র সচিব, জননিরাপত্তা বিভাগ বরাবর প্রেরণ করা হয়।
- (১১) গাজীপুর জেলাধীন কালীগঞ্জ উপজেলায় অবস্থিত হা-মীম ইন্ডাস্ট্রিয়াল পার্কে ৬৭জন শ্রমিক অজ্ঞান হওয়া সংক্রান্ত প্রতিবেদনের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত পত্র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (১২) নরসিংদী রেলওয়ে স্টেশনে দুর্ভুক্তকারী কর্তৃক গুলিবর্ষণের তদন্ত প্রতিবেদনের বিষয়ে ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত পত্র সচিব, রেলপথ মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়।
- (১৩) মুন্সীগঞ্জ জেলার অগ্নি দুর্ঘটনার বিষয়ে ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত পত্র সচিব, শিল্প মন্ত্রণালয়/সুরক্ষা সেবা বিভাগ/জননিরাপত্তা বিভাগ বরাবর প্রেরণ করা হয়।
- (১৪) শারদীয় দুর্গাপূজা, ২০১৭ উদ্‌যাপন উপলক্ষ্যে আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণ এবং প্রাসঙ্গিক বিষয়ে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত পত্র সকল বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর প্রেরণ করা হয়।
- (১৫) মিয়ানমারের রোহিঙ্গা জনগোষ্ঠীর বাংলাদেশে অনুপ্রবেশ এবং সীমান্ত পরিস্থিতি সংক্রান্ত পত্র সচিব, জননিরাপত্তা বিভাগ বরাবর প্রেরণ করা হয়।
- (১৬) কক্সবাজার জেলার উখিয়া ও টেকনাফ উপজেলায় বিভিন্ন স্থানে অবস্থানরত রোহিঙ্গা জনগোষ্ঠীর মধ্যে সংক্রামক ও অসংক্রামক রোগ Screening সংক্রান্ত পত্র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ বরাবর প্রেরণ করা হয়।
- (১৭) অবৈধ অনুপ্রবেশকারী মিয়ানমারের নাগরিকদের (রোহিঙ্গা) বিষয়ে নির্ধারিত ছক অনুযায়ী দৈনিক প্রতিবেদন প্রেরণ সংক্রান্ত পত্র জেলা প্রশাসক, কক্সবাজার বরাবর প্রেরণ করা হয়।
- (১৮) নোয়াখালী জেলায় ট্রলার ডুবি সংক্রান্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (১৯) বাংলাদেশে অনুপ্রবেশকারী মিয়ানমারের জনগোষ্ঠীর (রোহিঙ্গা) জন্য ত্রাণ সামগ্রী সংগ্রহ ও সরবরাহ সংক্রান্ত পত্র সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়।
- (২০) দুর্নীতি দমন কমিশন হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে বিভিন্ন মামলায় অভিযোগপত্র দাখিল ২০ জন, মামলা দায়ের ০১ জন এবং নথিভুক্তির জন্য ১৪২ জন সরকারি কর্মকর্তা/কর্মচারীর বিষয়ে অবগত করে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।
- (২১) জেলা প্রশাসকগণ আগস্ট ২০১৭ মাসে প্রমাপ অনুযায়ী ভ্রমণ, রাত্রিযাপন, পরিদর্শন, দর্শন করেছেন। জেলা প্রশাসকগণের পরিদর্শনের বিষয়টি মন্ত্রিপরিষদ বিভাগে র KPI (Key Performance Indicators)-ভুক্ত এবং এ মাসে KPI-এর লক্ষ্যমাত্রা অর্জিত হয়।

- (২২) পর্যটন জেলা হিসাবে কক্সবাজার ও সিলেট জেলায় অতিরিক্ত জেলা প্রশাসক (পর্যটন ও রাষ্ট্রাচার) এবং অন্যান্য পদ সৃজনের জন্য সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়কে পত্র দেওয়া হয়।
- (২৩) মন্ত্রিপরিষদ বিভাগের অতিরিক্ত সচিব জনাব সোলতান আহমদ-এর কক্সবাজার জেলা; যুগ্মসচিব জনাব হাবিবুর রহমান-এর হবিগঞ্জ জেলার বাহবল উপজেলা ও ড. আবু সালেহ মোস্তফা কামাল-এর চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা উপজেলা; উপসচিব জনাব রিয়াসাত আল ওয়াসিফ-এর যশোর জেলার কেশবপুর উপজেলা ও জনাব মোহাম্মদ আব্দুল ওয়াদুদ চৌধুরী-এর সুনামগঞ্জ জেলার জগন্নাথপুর উপজেলা এবং রাজশাহী জেলার পবা উপজেলা; এবং সিনিয়র সহকারী সচিব জনাব মোহাম্মদ জাহেদুর রহমান-এর হবিগঞ্জ জেলার মাধবপুর উপজেলা পরিদর্শনের প্রতিবেদনের ওপর যথাযথ ব্যবস্থা গ্রহণের অনুরোধ জা নিয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে পত্র দেওয়া হয়।
- (২৪) বিবেচ্য মাসে মাঠ প্রশাসনে কর্মরত বিসিএস (প্রশাসন) ক্যাডারের ১১জন কর্মকর্তার বিরুদ্ধে অভিযোগ পাওয়া গেছে। পূর্বে প্রাপ্ত অভিযোগসমূহের মধ্যে সাত জন কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রমাণিত না হওয়ায় নথিজাত করার বিষয়টি জনপ্রশাসন মন্ত্রণালয়কে জানিয়ে দেওয়া হয়।
- (২৫) জেলা প্রশাসক সম্মেলন ২০১৭-এর কার্যবিবরণী প্রস্তুত করা হয়েছে। জেলা প্রশাসক সম্মেলন ২০১৭-এ স্বল্পমেয়াদি ১৫০টি, মধ্যমেয়াদি ১৩২টি ও দীর্ঘমেয়াদি ১৪৭টি সিদ্ধান্তসহ সর্বমোট ৪২৯টি সিদ্ধান্ত গৃহীত হয়।
- (২৬) জেলা প্রশাসক সম্মেলন ২০১৭-এ গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের নিমিত্ত ২১ সেপ্টেম্বর ২০ ১৭ তারিখে জেলা প্রশাসক সম্মেলন ২০১৭-এর কার্যবিবরণী সকল জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনার বরাবর প্রেরণ করা হয়।
- (২৭) জেলা প্রশাসক সম্মেলন ২০১৭-এ গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের নিমিত্ত ২১-৯-১৭ তারিখে ৫০টি জেলা প্রশাসক সম্মেলন ২০১৭-এর কার্যবিবরণী বিভিন্ন কার্যালয়/মন্ত্রণালয়/বিভাগ বরাবর প্রেরণ করা হয়।
- (২৮) চিনিকল-এলাকায় অননুমোদিত আখ মাড়াইকলে গুড় উৎপাদন বন্ধ এবং ইক্ষু ও গুড়ের অবাধ চলাচল নিয়ন্ত্রণ সংক্রান্ত পত্র সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর প্রেরণ করা হয়।
- (২৯) মাঠপর্যায়ে আইনি কার্যক্রম গ্রহণের ক্ষেত্রে আন্তঃপ্রাতিষ্ঠানিক সহযোগিতা জোরদারকরণ সংক্রান্ত পত্র সকল বিভাগীয় কমিশনার এবং জেলা প্রশাসক বরাবর প্রেরণ করা হয়।
- (৩০) ‘জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০১৭’ উদ্বোধন সংক্রান্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সকল জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।
- (৩১) হাওর অঞ্চলে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের জন্য হাওর ভাতা চালুকরণ সংক্রান্ত পত্র অর্থ বিভাগ এবং জনপ্রশাসন মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়।
- (৩২) ‘DISASTER RESPONSE EXERCISE AND EXCHANGE (DREE), 2017’-শীর্ষক দুর্ঘোষণা ব্যবস্থাপনা অনুশীলন পরিচালনা সংক্রান্ত পত্র বিভাগীয় কমিশনার এবং জেলা প্রশাসক ঢাকা ও ময়মনসিংহ বরাবর প্রেরণ করা হয়।
- (৩৩) মাঠপর্যায়ে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার)-এর নতুন ফরমেট বাস্তবায়ন সংক্রান্ত পত্র সকল বিভাগীয় কমিশনার এবং জেলা প্রশাসক বরাবর প্রেরণ করা হয়।
- (৩৪) ‘সমন্বিত উন্নয়ন উদ্যোগে’ বাস্তবায়নে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে প্রকল্প গ্রহণ সংক্রান্ত পত্র স্থানীয় সরকার বিভাগ বরাবর প্রেরণ করা হয়।
- (৩৫) বিভাগীয় অ্যাডমিনিস্ট্রেটিভ কনভেনশন সেন্টার-কাম-ট্রেনিং সেন্টার নির্মাণের প্রস্তাব সংক্রান্ত বিভাগীয় কমিশনার, সিলেট-এর পত্র জনপ্রশাসন মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়।
- (৩৬) ‘মা ইলিশ সংরক্ষণ অভিযান’ সফল করা সংক্রান্ত পত্র সংশ্লিষ্ট জেলা প্রশাসক বরাবর প্রেরণ করা হয়।
- (৩৭) ১৯ সেপ্টেম্বর তারিখে ইউরোপিয়ান ইউনিয়নের কারিগরি ও আর্থিক সহায়তায় Bangladesh Resilient Livelihoods Programme-BLRP-শীর্ষক প্রস্তাবিত কর্মসূচির TAP-এর উপর মন্ত্রিপরিষদ বিভাগের মতামত অর্থনৈতিক সম্পর্ক বিভাগের প্রেরণ করা হয়েছে।
- (৩৮) ১০ সেপ্টেম্বর তারিখে Technical Support for CRVS System Improvement in Bangladesh-শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পের Project Steering Committee-এর দ্বিতীয় সভা অনুষ্ঠিত হয়েছে।

(৩৯) Social Security Policy Support (SSPS) Programme-শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পের আওতায় ০৯ সেপ্টেম্বর তারিখে সিলেট বিভাগের এবং ২২-২৩ সেপ্টেম্বর তারিখে রংপুর বিভাগের Orientation Seminar on the NSSS for the UNOs-শীর্ষক ৩টি অবহিতকরণ সেমিনার অনুষ্ঠিত হয়েছে।

(৪০) ১০ সেপ্টেম্বর তারিখে ‘Supporting the Good Governance Programme’-শীর্ষক কর্মসূচির Project Steering Committee (PSC) সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য আইন ও বিচার বিভাগ এবং লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগকে অনুরোধ করা হয়।

(৪১) ‘Building Capacity for the use of Research Evidence (BCURE)’-শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পের Project Steering Committee (PSC) সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়।

(৪২) ১৯-২০, ২৫-২৬ এবং ২৭-২৮ সেপ্টেম্বর মেয়াদে এ বিভাগের দ্বিতীয় ও তৃতীয় শ্রেণির কর্মকর্তা/কর্মচারীগণের জন্য ‘ই-ফাইল (নথি) ব্যবস্থাপনা’ শীর্ষক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়।

(৪৩) আন্তঃমন্ত্রণালয় আইনগত বিরোধ নিষ্পত্তি কমিটির সভা অনুষ্ঠিত হয়।

(৪৪) ১৭ এবং ২৮ সেপ্টেম্বর তারিখে প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠিত হয়।

গ. আগামী (অক্টোবর-নভেম্বর) মাসে সম্পাদ্য অতীব গুরুত্বপূর্ণ কাজের তালিকা:

(১) মন্ত্রিসভা-বৈঠক অনুষ্ঠান।

(২) সরকারি ক্রয় সংক্রান্ত এবং অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠক অনুষ্ঠান।

(৩) আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠান।

(৪) মন্ত্রিসভা কমিটি/পরিষদ/টাস্কফোর্স/অন্যান্য কমিটি গঠন/পুনর্গঠন করা হতে পারে।

(৫) নিকার-এর ১১৪তম সভা।

(৬) মন্ত্রণালয় ও বিভাগসমূহের ২০১৬-১৭ অর্থ-বছরের কার্যাবলি সংক্রান্ত বার্ষিক প্রতিবেদন প্রণয়ন।

(৭) সিআরভিএস সংক্রান্ত স্টিয়ারিং কমিটির সভা অনুষ্ঠান।

(৮) নতুন উপজেলা ও থানা স্থাপন সংক্রান্ত সচিব কমিটির সভা।

(৯) ‘Building Civil Registration and Vital Statistics in Bangladesh’-শীর্ষক প্রকল্পপ্রস্তাব প্রণয়ন।

(১০) সামাজিক নিরাপত্তা কর্মসূচি সংক্রান্ত ‘কেন্দ্রীয় ব্যবস্থাপনা কমিটি’র-এর সভা।

(১১) তথ্য অধিদপ্তর থেকে প্রাপ্ত পেপার কাটিং-এর ওপর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

(১২) ১৯৯১ সালে অনুষ্ঠিত মন্ত্রিপরিষদ বৈঠকের সার-সংক্ষেপ (কার্যবিবরণীসহ) এবং বিজ্ঞপ্তির সংরক্ষণের মেয়াদ ২৫ বছর অতিক্রান্ত হওয়ায় তা জাতীয় আর্কাইভসে হস্তান্তরের নিমিত্তে উক্ত দলিলাদির খন্ডসমূহে পৃষ্ঠা-নম্বর প্রদান করা হবে এবং ১৯৯০ সালের খন্ডসমূহ প্রেরণের নিমিত্ত প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হবে।

(মুহাম্মদ আসাদুল হক)

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৫৭৪৪৯

e-mail: report_sec@cabinet.gov.bd